’বিশ্ব যুব দক্ষতা দিবস-২০১৮’ উপলক্ষে আয়োজিত সেমিনারে শিক্ষামন্ত্রী

নতুন প্রজন্মকে মানবসম্পদে পরিণত করা সরকারের লক্ষ্য

ঢাকা, ১৫ জুলাই ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন প্রজন্মকে মানব সম্পদে পরিনত করা সরকারের লক্ষ্য। তিনি বলেন, প্রযুক্তি প্রতি মূহুর্তে পরিবর্তিত হচ্ছে। এজন্য প্রযুক্তিগত দক্ষতার চাহিদাও প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। তাই বেকার সমস্যা সমাধানে যুব সমাজের দক্ষতা বৃদ্ধিকে বিশেষ গুরুত্ব দিয়ে বিবেচনা করা হচ্ছে।

শিক্ষামন্ত্রী আজ রাজধানীর তেজগাঁওয়ে টেলিযোগাযোগ অধিদপ্তর ভবনে জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল সচিবালয়ের সভাকক্ষে বিশ্ব যুব দক্ষতা দিবস-২০১৮ উদযাপন উপলক্ষে আয়োজিত ’দক্ষতা বদলে দেয় জীবন এবং বৃদ্ধি করে সামাজিক মর্যাদা’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি) সচিবালয়ের উদ্যোগে এ সেমিনার অনুষ্ঠত হয়।

শিক্ষামন্ত্রী বলেন, দক্ষতার ঘাটতি মোকাবিলায় সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিশ্ব যুব দক্ষতা দিবস পালন করা হয়। এবছরের প্রতিপাদ্য ’দক্ষতা বদলে দেয় জীবন।’ এর মাধ্যমে সারা বিশ্বে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের মর্যাদা বৃদ্ধিতে জোর দেয়া হয়েছে। বাংলাদেশেও কারিগরি শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হচ্ছে। এ বিষয়টি আগে খুবই অবহেলিত ছিল। এখন এক্ষেত্রে অনেক পরিবর্তন হয়েছে। বর্তমানে ১৪ ভাগ শিক্ষার্থী কারিগরি শিক্ষা গ্রহন করছে। ২০২০ সালে তা শতকরা ২০ ভাগে এবং ২০৩০ সালে ৩০ ভাগে উন্নীত করা হবে। তিনি বলেন, দেশের প্রতিটি উপজেলায় একটি করে উন্নত মানের টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) স্থাপন করা হচ্ছে। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে মেয়েদের জন্য শতকরা ২০ ভাগ আসন বরাদ্দ রাখা হচ্ছে।

শিক্ষামন্ত্রী বলেন, কারিগরি শিক্ষার ক্ষেত্রে শিক্ষকের অভাব একটি বড় সমস্যা। এক্ষেত্রেও সক্ষমতা বৃদ্ধির চেষ্ঠা করা হচ্ছে। সিঙ্গাপুরের নানিয়ান পলিটেকনিকে ও চীনের গুয়াংজুতে প্রায় ২০০০ শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। ছাত্ররাও বৃত্তি নিয়ে চীনে পড়াশুনা করতে যাচ্ছে।

এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা এবিএম খোরশেদ আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর এবং এনএসডিসি’র পরিচালক মো. শাহ আলম। কি নোট পেপার উপস্থাপন করেন এনএসডিসি’র পরিচালক মোহাম্মদ রেজাউল করিম। সেমিনারে ব্যক্তি খাতের উদ্যোক্তাগণ মুক্ত আলোচনায় অংশ নেন।

মোহাম্মদ আফরাজুর রহমান
/ডিপিআইও
শিক্ষামন্ত্রণালয়
মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯